

রণভূমি

চলো নামি দুর্গের বাগানে, খেলা করি। সূর্য
বসে পাটে, বিকেলের ভ্রমণকারীরা অঙ্গলীন।
ওইখানে অতিকায় পাথর রয়েছে -- মূর্তি আছে
যোদ্ধাদের এবং অনেক ঝুলে - থাকা টায়ার - দোলনা।
ফিরে আসছে ঝাঁকে ঝাঁকে বনটিয়া শহরের দিক থেকে।
আরও নিচে বধ্যভূমি, ফাঁসিকাঠ, লোহার কয়েদ।
শুনি আর্তনাদ --- হাহাকার --- মৃতের উল্লাস। ওইখানে
আজ
আমাদের খেলা ও খেলার গান। আমাদের খেলার লড়াই।

উৎপলকুমার বসু

